JUSTICE AGENDA
NO TIME TO WAIT

অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 7/1/2019 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো ডিপার্টমেন্ট অফ ফাইনান্সিয়াল সার্ভিসেসকে (DEPARTMENT OF FINANCIAL SERVICES, DFS) ডাক দিয়েছেন এই দাবির তদন্ত করতে যে বিজ্ঞাপনদাতারা ফেসবুক প্ল্যাটফর্ম ব্যবহার করেন বৈষম্যে লিপ্ত হবার জন্য

শোনা যায় ফেসবুকের বিজ্ঞাপন প্ল্যাটফর্ম বিজ্ঞাপনদাতাদের অনুমতি প্রদান করে ব্যবহারকারীর ব্যাপক ব্যক্তিগত ডেটাতে ট্যাপ করার এবং জাতি, বর্ণ, জাতীয় উত্স, ধর্ম, পারিবারিক অবস্থা, লিঙ্গ এবং অক্ষমতার উপর ভিত্তি করে নির্ধারন করতে কে কোন বিজ্ঞাপন দেখতে পাবেন।

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ ডিপার্টমেন্ট অফ ফাইনান্সিয়াল সার্ভিসেসকে নির্দেশ দিয়েছেন এই নালিশের তদন্ত করতে যে রাজ্য-নিয়ন্ত্রিত বিজ্ঞাপনদাতারা ফেসবুক ইঙ্কের বিজ্ঞাপনের প্ল্যাটফর্ম ব্যবহার করছেন সুরক্ষিত শ্রেণীদের বিরুদ্ধে বৈষম্য প্রদর্শন করার জন্য।

"ফেসবুক বিজ্ঞাপনদাতাদের বিরুদ্ধে অভিযোগগুলি অত্যন্ত উদ্বেগজনক এবং নিউ ইয়র্ক যা কিছুতে বিশ্বাস করে তার পরিপন্থি", **গভর্নর কুওমো বলেন**। "আমি এই দাবিগুলি তদন্ত করার জন্য ডিপার্টমেন্ট অফ ফাইনান্সিয়াল সার্ভিসেসকে নির্দেশ দিচ্ছি এটি নিশ্চিত করতে সাহায্য করতে যে, যে নিউ ইয়র্কবাসীরা নিজেদের এবং তাদের পরিবারের জন্য আবাসন খুঁজছেন, তাদের বিরুদ্ধে কোনরকম বৈষম্য প্রদর্শন না করা হয়। আমরা আক্রমনাত্মক পদক্ষেপ নেবো নিশ্চিত করতে যে এই তথাকথিত নিন্দিত অনুশীলনগুলির পিছনে যারা রয়েছে তাদের যেন সম্পূর্ণরূপে দায়বদ্ধ করা হয়।"

"আমরা ফেসবুকের বিরুদ্ধে গভীরভাবে উদবিঘ্নতা সৃষ্টিকারী অভিযোগগুলি সম্পূর্ণরূপে উন্মোচন করার জন্য পদক্ষেপ নিচ্ছি", **লেফটেন্যান্ট গভর্নর ক্যাথি হোচুল বলেন।** "আমাদের রাজ্য কোন ধরণের বৈষম্য সহ্য করবে না এবং নিউ ইয়র্কের সকলের জন্য ন্যায্যতা ও সমতা নিশ্চিত করার জন্য সক্রিয়ভাবে কাজ করবে। এই তদন্ত জনগণের অধিকার রক্ষা করার জন্য একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ।"

ফাইন্যান্সিয়াল সার্ভিসেস এর সুপারইন্টেন্ডেন্ট লিন্ডা এ. লেসওয়েল বলেন, "DFS সকল নিউ ইয়র্কবাসীদের প্রতি অঙ্গিকারবদ্ধ এটি নিশ্চিত করতে যে তারা সুরক্ষিত এবং তাদের বিরুদ্ধে কোনরকম বৈষম্যমূলক আচরণ না করা হয়, তা সে সোশাল মিডিয়া অ্যাপে জড়িত থাকার সময়ই হোক বা শুধু একটি ব্যাংক অ্যাকাউন্ট খোলার ক্ষেত্রেই হোক। বিভাগটি এই বিরক্তিকর অভিযোগগুলি পরীক্ষা করার জন্য ফেসবুক বিজ্ঞাপনদাতাদের তদন্ত করবে এবং আমরা প্রয়োজনীয়

যে কোন পদক্ষেপ নিতে প্রস্তুত নিশ্চিত করতে যে সমস্ত আর্থিক পরিষেবা প্রদানকারী নিউ ইয়র্কের কঠোর সংবিধিবদ্ধ এবং নিয়ন্ত্রক গ্রাহক সুরক্ষাগুলির সাথে সঙ্গতিপূর্ণভাবে কাজ করেন।"

রিপোর্ট অনুযায়ী, ফেসবুকের বিজ্ঞাপন প্ল্যাটফর্ম বিজ্ঞাপনদাতাদের জাতি, বর্ণ, জাতীয় উত্স, ধর্ম, পারিবারিক অবস্থা, লিঙ্গ এবং অক্ষমতা সম্পর্কিত অন্যান্য শ্রেণির মধ্যে ভোক্তাদের বাদ দেওয়ার জন্য জিপ কোড তথ্য ব্যবহার করে বিজ্ঞাপনগুলি সংশোধন বা ব্লক করতে দেয়। ফেসবুক তার বিজ্ঞাপনের প্ল্যাটফর্মটিকে আবাসন এবং আবাসন সম্পর্কিত বিজ্ঞাপনদাতাদের তাদের পছন্দসই গ্রাহকদের কাছে পৌঁছে দেওয়ার শক্তিশালী মাধ্যম হিসেবে তুলে ধরে। বিজ্ঞাপনদাতাদের জন্য উপলব্ধ নির্দিষ্ট সরঞ্জামগুলি ছাড়াও, ফেসবুক ব্যবহারকারীদেরকে দেওয়া বিজ্ঞাপনে প্রতিটি ব্যবহারকারীর সম্ভাব্য প্রতিক্রিয়া প্রজেক্ট করার জন্য ও শ্রেণীবদ্ধ করার জন্য মেশিন লার্নিং এবং ভবিষ্যদ্বাণীমূলক বিশ্লেষণগুলিও ব্যবহার করে, যা তাদের সুরক্ষিত বর্গ দ্বারা সংজ্ঞায়িত গোষ্ঠীগুলিকে পূণঃনির্মান করতে পারে।

সেনেটর কেভিন টমাস, কনজিউমার্স অব অ্যাফেয়ার্স কমিটির চেয়ারম্যান, বলেন "বড় সোশাল মিডিয়া প্ল্যাটফর্মগুলির আমাদের ব্যক্তিগত ডেটার অভূতপূর্ব অ্যাক্সেস আছে। এটি গুরুত্বপূর্ণ যে আমরা আমাদের ব্যক্তিগত তথ্য সুরক্ষিত এবং ডিজিটাল বৈষম্য প্রতিরোধ করতে সক্রিয় পদক্ষেপ গ্রহণ করি। আমি এই সমস্যাটির গুরুতরতা স্বীকার করার জন্য এবং আমাদের ব্যক্তিগত তথ্য প্রতারণামূলক ও বৈষম্যমূলক উপায়ে ব্যবহার করা হচ্ছে না তা নিশ্চিত করার উদ্দেশ্যে পদক্ষেপ নেওয়ার জন্য গভর্নর কুওমোর প্রশংসা করি। আমি নিশ্চিত যে DFS এই অত্যন্ত গুরুত্বপূর্ণ সমস্যাটির সমাধান করতে এবং নিউ ইয়র্ক স্টেট জুড়ে গ্রাহকদের গোপনীয়তা রক্ষা আরো উন্নত করার কাজ অবিরত রাখবে।"

সিনেটর ডায়ান স্যাভিনো, ইন্টারনেট অ্যান্ড টেকনোলজি সাবকমিটির (Internet and Technology Subcommittee) সেনেট চেয়ার, বলেন "ইন্টারনেট ও প্রযুক্তি সম্পর্কিত কমিটির সভাপতি হিসাবে, গোপনীয়তা এবং গ্রাহকের তথ্য আমাদের অত্যন্ত উদ্বেগের বিষয়। আমরা এই অধিবেশন গ্রাহক গোপনীয়তা সংক্রান্ত শুনানি করেছি এবং আমি শীঘ্রই সব নিউ ইয়র্কবাসীদের আর ভালোভাবে সুরক্ষিত রাখার জন্য আইন প্রণয়ন করার বিষয়ে অগ্রসর হতে পারবো বলে আশা করি। গভর্নর কুওমো আপনাকে ধন্যবাদ প্রথম দ্রুত পদক্ষেপ নেওয়ার জন্য, এই দ্রুত বিবর্তনশীল ডিজিটাল যুগে আমাদের অগ্রসর হওয়া নিশ্চিত করতে।"

বিধানসভার সদস্য মাইকেল ডেনডেকার, কনজিউমার অ্যাফেয়ার্স কমিটির সভাপতি বলেন, "কোনও ধরণের বৈষম্য কখনো সহ্য করা উচিত নয় এবং অনলাইন বিজ্ঞাপনে নেতা হিসাবে ফেসবুকের অনন্য অবস্থান তার বিজ্ঞাপনের অনুশীলনের মধ্যে বৈষম্যের পরিণতিগুলিকে সুদূরপ্রসারী করে তোলে। আমি গভর্নর কুওমোর এই আর্থিক পরিস্থিতির তদন্তের জন্য ডিপার্টমেন্ট অফ ফাইনান্সিয়াল সার্ভিসেসকে নির্দেশ দেওয়ার সিদ্ধান্তের প্রশংসা করছি।"

সংসদ সদস্য ক্লাইড ভ্যানেল, ইন্টারনেট অ্যান্ড টেকনোলজির সাবকমিটির সভাপতি, বলেন, "আমি গভর্নর কুওমোর এই পদক্ষেপের প্রশংসা করি। নিউ ইয়র্কবাসীদের ডেটা এবং তথ্য সঠিকভাবে সুরক্ষিত রয়েছে তা নিশ্চিত করা নিউ ইয়র্ক স্টেটের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। তথ্য ও

তথ্য সংক্রান্ত কুকির্তীর ঘটনা প্রায়শই ঘটে। এই কাজ আমাদের নাগরিকদের রক্ষা করার উদ্দেশ্যে একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপের প্রতীক।"

নিউ ইয়র্কের গ্রাহক সুরক্ষা উদ্যোগ

গভর্নর কুওমোর প্রশাসনের অধীনে, নিউ ইয়র্ক রাজ্য জুড়ে গ্রাহকদের সুরক্ষা নিশ্চিত করার জন্য নিয়ন্ত্রক এবং আইনী পদক্ষেপ নিয়েছে। মার্চ মাসে গভর্নর মৃত ঋণদাতাদের ও তাদের পরিবারের বিরুদ্ধে ঋণ সংগ্রহ সীমিত করার একটি নতুন আইন ঘোষণা করেন, ঋণ সংগ্রহ সংস্থাগুলি মৃতদের আত্মীয়দের অর্থ প্রদানের জন্য চাপ প্রয়োগ করার কৌশলগুলি ব্যবহার করার চেষ্টা করেছে এমন রিপোর্ট পাওয়ার পরে। সংশোধনের অধীনে, ঋণ সংগ্রহকারী সংস্থাগুলি কোনও ভুল উপস্থাপনা করতে পারবে না ঋণ পরিশোধ করার ক্ষেত্রে পরিবারের দায়বদ্ধতা সম্পর্কে।

এই বছর, আগে, গভর্নর ডিজিটাল যুগের জন্য একটি শিক্ষামূলক উদ্যোগও চালু করেছিলেন, জনপ্রিয় ওয়েব অ্যাপ্লিকেশন এবং পরিষেবাদির পরিষেবার শর্তাবলী এবং গোপনীয়তা নীতিগুলি পরীক্ষা করা সহ, ফেসবুক গোপনে ব্যবহারকারীদের ব্যক্তিগত তথ্য অ্যাক্সেস করে এই রিপোর্ট পাওয়ার পরে। ফেব্রুয়ারিতে গভর্নর কুওমো নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট (Department of State) অফ ফাইন্যান্সিয়াল সার্ভিসেস এবং অন্যান্য রাজ্য সংস্থাগুলিকে এই রিপোর্টগুলি তদন্তের নির্দেশ দিয়েছিলেন এবং ফেডারেল নিয়ন্ত্রকদের অনুরোধ করেছিলেন যে তারাও যেন গ্রাহকদের অধিকার রক্ষা করার জন্য পদক্ষেপ নেন।

মে মাসে গভর্নর নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অফ ফাইন্যান্সিয়াল সার্ভিসেস এবং নিউইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অফ ট্যাক্সেশন অ্যান্ড ফাইন্যান্সকে (New York State Department of Taxation and Finance) টার্বোট্যাক্স (TurboTax), H&R ব্লক (H&R Block) এবং অন্যান্য প্রধান ট্যাক্স রিটার্ন প্রস্তুতকারীর বিরুদ্ধে তদন্তের আহবান জানান এই রিপোর্টের যে তারা গুগল অ্যাডভার্টাইজমেন্ট এবং ওয়েবসাইট বৈশিষ্ট্য ব্যবহার করেন প্রতারণামূলকভাবে অতিরিক্ত ট্যাক্স ফাইল করার বিকল্পগুলি লুকিয়ে রাখেন স্বল্প-আয়ের মানুষদের থেকে যারা তাদের ট্যাক্স বিনামূল্যে ফাইল করার যোগ্য।

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ অ্যাপল ফেসটাইম অ্যাপ সম্পর্কে নিউ ইয়র্কবাসীদের প্রতি একটি গ্রাহক সতর্কতা জারি করেছেন, রিপোর্ট অনুযায়ী যা ব্যবহারকারীদের তারা যে ব্যক্তিকে কল করছেন তিনি কল গ্রহণ করার বা বাতিল করার আগেই তার ডিভাইস থেকে অডিও এবং ভিডিও গ্রহণ করার সুযোগ দেয়। গভর্নর কুওমো, অ্যাটর্নি জেনারেল লেটিশিয়া জেমসের সাথে অবিলম্বে ব্যবস্থা গ্রহণ করেন এবং গোপনীয়তা লঙ্ঘনের তদন্তের ঘোষণা করেন, নিউ ইয়র্কবাসীদের গ্রাহক সংক্রান্ত অভিযোগ জানানোর জন্য ডিপার্টমেন্ট অফ স্টেটের ডিভিশন অফ কনজিউমার সুরক্ষা বিভাগের সাথে যোগাযোগ করার নির্দেশ দেন।

এ ছাড়াও, 2020 অর্থবছরের প্রনয়িত বাজেটের অংশ হিসাবে, নিউ ইয়র্কে ছাত্র ঋণ পরিষেবা প্রদানকারী লাইসেন্সিং সংস্থাগুলির জন্য ব্যাপক সংস্কার বাস্তবায়নের আইন, যা বিধানসভা পাশ করেছেন, তা স্বাক্ষর করেন গভর্নর। সুরক্ষাগুলি অন্যান্য উল্লেখযোগ্য ঋণের পণ্যগুলিকে নিয়ন্ত্রণকারী আইন ও বিধিগুলির সাথে সামঞ্জস্যপূর্ণ মান পূরণ করা প্রয়োজনীয় করে এদের জন্য। গভর্নরের

প্রস্তাব নিশ্চিত করবে যে কোনো ছাত্র ঋণ পরিষেবা প্রদানকারী ঋণগ্রহীতাকে ভুল পথে চালিত করতে পারবে না অথবা কোনো লুণ্ঠনমূলক কাজ বা অভ্যাসে লিপ্ত হতে পারবে না, পেমেন্টের অপব্যবহার করতে পারবে না, ক্রেডিট রিপোর্টিং এজেন্সিগুলিকে ভুল তথ্য প্রদান করবে না, অথবা এমন অন্য কোনো অভ্যাসে লিপ্ত হতে পারবে না যা ঋণগ্রহীতার ক্ষতি করতে পারে।

ইকুইফ্যাক্সের মতো ক্রেডিট রিপোর্টিং এজেন্সিগুলির ডেটা লঙ্ঘনের ফলে লক্ষ লক্ষ নিউ ইয়র্কবাসীদের ব্যক্তিগত তথ্য প্রকাশ হয়ে পড়ে, এর ফলে গভর্নরের নির্দেশে ডিপার্টমেন্ট অফ ফাইন্যান্সিয়াল সার্ভিসেস একটি চূড়ান্ত বিধান জারি করে যা নিউ ইয়র্কে গুরুত্বপূর্ণ ক্রিয়াকলাপ রয়েছে এমন এজেন্সিদের DFS এর সাথে নিবন্ধন করা প্রথমবার, এবং নিউইয়র্কের, জাতীয় স্তরে প্রথম, সাইবার নিরাপত্তা ব্যবস্থা মেনে চলা বাধ্যতামূলক করে। এই আইনটি DFS সুপারিনটেনডেন্টকে অনুমোদন দেয় একটি কনজিউমার ক্রেডিট রিপোর্টিং সংস্থার নিউ ইয়র্কের নিয়ন্ত্রিত আর্থিক প্রতিষ্ঠান এবং গ্রাহকদের সাথে ব্যবসা করার অনুমোদন অস্বীকার, স্থগিত এবং সম্ভাব্যভাবে বাতিল করার, যদি দেখা যায় যে সংস্থাটি কিছু নিষিদ্ধ অনুশীলনের প্রতি নিষেধাজ্ঞা মেনে চলছেন না।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন